



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/24/2026

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ট্রাম্প প্রশাসনকে, নিউ ইয়র্কবাসীদের পরিশোধ করা 13.5 বিলিয়ন ডলার শুল্ক ফেরত দেওয়ার আহ্বান জানিয়েছেন

গত বছর শুল্ক কার্যকর হওয়ার পর থেকে নিউ ইয়র্কের প্রতিটি পরিবার আনুমানিক 1,751 ডলার শুল্ক প্রদান করেছে

ট্রাম্পের শুল্কগুলি নিউ ইয়র্ক জুড়ে গ্রাহক, ক্ষুদ্র ব্যবসা এবং কৃষকদের ক্ষতি করেছে বর্ধিত খরচ এবং শুল্কের অন্যান্য নেতিবাচক প্রভাবের কারণে অসুবিধার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কের কৃষকদের জন্য গভর্নর 30 মিলিয়ন ডলারের শুল্ক ছাড় দেওয়ার পরিকল্পনা পেশ করেছেন

সম্প্রতি সুপ্রিম কোর্ট Trump (ট্রাম্পের) শুল্ক বাতিল করার সিদ্ধান্ত নেওয়ার পর, গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ নিউ ইয়র্কবাসীদের জন্য Trump (ট্রাম্প) প্রশাসনের কাছে আনুমানিক 13.5 বিলিয়ন ডলার পরিশোধ করা শুল্ক ফেরত দেওয়ার আহ্বান জানিয়েছেন। ইয়েল বাজেট ল্যাবের (Yale Budget Lab) অনুমানের উপর ভিত্তি করে, গত বছর শুল্ক আরোপের পর থেকে নিউ ইয়র্কের গড় পরিবারকে আনুমানিক 1,751 ডলার অতিরিক্ত খরচের সম্মুখীন হতে হয়েছে, যার ফলে স্টেট ব্যাপী মোট আনুমানিক 13.5 বিলিয়ন ডলারের প্রভাব পড়েছে।

"এই অর্থহীন এবং অবৈধ শুল্কগুলি নিউ ইয়র্কের গ্রাহক, ছোট ব্যবসা এবং কৃষকদের উপর একটি বাধ্যতামূলক কর ছিল — এবং সেই কারণেই আমি সম্পূর্ণ অর্থ ফেরত দেওয়ার দাবি করছি," গভর্নর Hochul (হোকল) বলেন। "আমি কখনই নিউ ইয়র্কবাসীদের জন্য লড়াই করা থামাবো না এবং এর অর্থ হল আপনার পকেটে আরও বেশি টাকা ফেরত দেওয়ার দিকে মনোনিবেশ করা - ভুলিয়ে ভুলিয়ে হাতিয়ে নেওয়া নয়।"

লক্ষাধিক ভোক্তার উপর Trump (ট্রাম্পের) শুল্কের প্রভাবের পাশাপাশি, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের ছোট ব্যবসা এবং বিশেষ করে স্টেট জুড়ে কৃষকদের উপর শুল্কের ফলে সৃষ্ট ক্ষতির কথাও তুলে ধরেছেন। তার 2026 সালের স্টেট অফ দ্য স্টেটের (State of the State) অংশ হিসেবে, গভর্নর স্টেটজুড়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তা করার জন্য 30 মিলিয়ন ডলার শুল্ক ছাড় দেওয়ার প্রস্তাব করেছেন। এমনকি সাম্প্রতিক সুপ্রিম কোর্ট Trump (ট্রাম্পের) শুল্ক বাতিলের রায় দেওয়ার পরেও, অনেক কৃষকের যা ক্ষতি হওয়ার তা ইতিমধ্যেই হয়ে গেছে - নিউ ইয়র্ক জুড়ে কৃষকরা সরঞ্জাম ও সরবরাহের জন্য উচ্চতর ব্যয় এবং অন্যান্য বড় প্রতিকূলতার সম্মুখীন হচ্ছেন।

শুল্কগুলি, খরচ এবং অনিশ্চয়তার একটি স্তর যুক্ত করে যা কৃষকদের জন্য পরিকল্পনা এবং ভবিষ্যতের বিনিয়োগকে আরও চ্যালেঞ্জিং করে তোলে।

- কৃষি রাসায়নিক আমদানির 80 শতাংশেরও বেশি এবং কৃষি যন্ত্রপাতি আমদানির 70 শতাংশ আসে 10 শতাংশ বা তার বেশি শুল্ক আরোপ করা দেশগুলি থেকে। উচ্চ-শুল্কযুক্ত দেশগুলি থেকে আমদানির পরিমাণ বেশি হওয়ায় কৃষকদের শুল্ক এড়াতে অন্যান্য সরবরাহকারী খুঁজে পেতে সমস্যা হবে।
- স্টেট ব্যাপী খামারগুলিতে সার এবং সরঞ্জামের জন্য বেশি খরচ হয়, কিছু কৃষক ইঙ্গিত দিয়েছেন যে তাদের ব্যবসার খরচ বার্ষিক 20,000 ডলার পর্যন্ত বৃদ্ধির সম্মুখীন হচ্ছে, যেখানে দুধ রপ্তানি 7 শতাংশ কমেছে।

এই নেতিবাচক প্রভাবের প্রতিক্রিয়ায়, গভর্নর Hochul (হোকল) জানুয়ারি মাসে তার 2026 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে নিউ ইয়র্কের কৃষকদের জন্য 30 মিলিয়ন ডলার শুল্ক ছাড়ের প্রস্তাব ঘোষণা করেন।

এই পরিকল্পনাটি নিউ ইয়র্কের বিশেষ ফসল চাষী, পশুপালক, দুগ্ধ চাষী এবং জলজ চাষীদের সরাসরি অর্থ প্রদান করবে যাতে স্টেট জুড়ে ক্ষতিগ্রস্ত কৃষকরা যে চ্যালেঞ্জগুলির মুখোমুখি হচ্ছেন তা মোকাবেলায় সহায়তা করা যায়।

এই বছরের স্টেট অফ দ্যা স্টেটে প্রস্তাবিত অতিরিক্ত উদ্যোগগুলি আমাদের কৃষি শিল্পকে সমর্থন করার জন্যও প্রস্তুত, যার মধ্যে রয়েছে দুগ্ধ শিল্পের আধুনিকীকরণ অনুদান কর্মসূচির (Dairy Modernization Grant Program) আরেকটি রাউন্ড এবং খামারগুলিকে কার্যক্রম আধুনিকীকরণ এবং বড় প্রকল্পগুলি সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সময় এবং নিশ্চয়তা দেওয়ার জন্য ফেরতযোগ্য বিনিয়োগ ট্যাক্স ক্রেডিটের সম্প্রসারণ।

**স্টেট সিনেটর Michelle Hinchey (মিশেল হিঞ্চে) বলেন,** "প্রেসিডেন্ট Trump (ট্রাম্পের) শুল্ক প্রকল্প নিউ ইয়র্কবাসীদের উপর অন্যায়ভাবে কর বৃদ্ধি করেছে, যার ফলে কর্মজীবী মানুষের খরচ বেড়েছে এবং নিউ ইয়র্কে ব্যবসা পরিচালনা করা আরও ব্যয়বহুল হয়ে উঠেছে। আমাদের বাসিন্দা এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি তাদের পকেটে সেই টাকা ফেরত পাওয়ার যোগ্য এবং ফেডারেল সরকারকে অবিলম্বে সেই টাকা ফেরত দিতে হবে।"

**অ্যাসেম্বলিমেন্সার Donna Lupardo (ডোনা লুপার্ডো) বলেন,** "ফেডারেল তহবিল স্থগিতকরণ, কর্তন এবং শুল্কের কারণে নিউ ইয়র্কের কৃষকরা বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। কৃষি যন্ত্রপাতির মতো প্রয়োজনীয় জিনিসপত্রের দাম বৃদ্ধি পাওয়ায়, কৃষকরা জীবনযাপন করতে হিমশিম খাচ্ছেন। ফেডারেল সরকারের কর্তব্য আমাদের কৃষক পরিবারগুলিকে আদায় করা শুল্ক ফেরত দেওয়া, কিন্তু ইতিমধ্যে গভর্নর এবং আমার সহকর্মীরা কোনও ছাড় দিতে পারলে তা স্বাগত সংবাদ হবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)